

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং-৪৩/ক/স্বী:/৮৪ (অংশ-১)/৩৮২

তারিখ : ৩১/১০/২০২৪

বিষয় : ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ এর গভর্নিং বডি'র কতিপয় সদস্যদের বিরুদ্ধে আনীত অভিযোগ সংক্রান্ত।

সূত্র: (ক) শেখ জিয়াউর রহমান গং (রিট পিটিশনার) এর ১৪/০৭/২০২৪ তারিখের অভিযোগ।

(খ) মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নম্বর-৭২৭/২০২৩; তারিখ: ০৫/০৩/২০২৪ তারিখের আদেশ।

(গ) বোর্ডের স্মারক নং-৪৩/ক/স্বী:/৮৪(অংশ-৩)/১২২৪; তারিখ: ০৪/০৮/২০২৪ এ গঠিত তদন্ত কমিটির প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে, ঢাকা মহানগরীর রমনা থানাধীন 'ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ'-এ বিভিন্ন উন্নয়ন সংস্কার ও বিউটিফিকেশন প্রজেক্ট এর কাজের জন্য গভর্নিং বডি'র যেসকল সদস্যবৃন্দ প্রচলিত বিধি-বিধান ও বিদ্যমান PPR অনুসরণ না করে ১,৫৯,৩৫,২৩৭/ (এক কোটি উনষাট লক্ষ পঁয়ত্রিশ হাজার দুইশত সাইত্রিশ হাজার) খরচ করেছেন তাদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ, ২০২২ সালের গভর্নিং বডি'র নির্বাচনে ড. মোহাম্মদ তাজুল ইসলাম ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত প্রবিধানমালা এস.আর.ও নং-৯৯-আইন/২০০৯ ও প্রবিধানমালা এস.আর.ও নং-৭৩-আইন/২০২৪ এর যথাক্রমে প্রবিধি-১১(গ) ও প্রবিধি-১৬(গ) লংঘন করে অভিভাবক সদস্য হিসেবে নির্বাচিত/মনোনীত হওয়ায় তার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ এবং নির্বাচনে অংশগ্রহণকারী কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গের বিরুদ্ধে শিক্ষা প্রতিষ্ঠানের স্বার্থ পরীপন্থী বা উহার সুনাম নষ্ট হয়, এইরূপ কোন কর্মকাণ্ডের অভিযোগ থাকলে, উক্ত অভিযোগ নিষ্পত্তি না হওয়া পর্যন্ত, নির্বাচনে অংশগ্রহণকারী ব্যক্তি বা ব্যক্তিবর্গের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে ভবিষ্যতে আরো সতর্কতা অবলম্বনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এ আদেশ অতিশীঘ্র কার্যকর করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষর:

প্রফেসর মোঃ রিজাউল হক

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন : ৫৮৬১২৪৭৬

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ,
রমনা, ঢাকা।

মেমো নং-৩৮২ (৯)

তারিখ : ৩১/১০/২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, ঢাকা।
- ৪। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ৬। সভাপতি, গভর্নিং বডি ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, রমনা, ঢাকা।
- ৭। শেখ জিয়াউর রহমান গং, অভিযোগকারীগণ, ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, রমনা, ঢাকা।
- ৮। পি. এস. টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৯। অফিস কপি।

স্বাক্ষর: ৩১.১০.২৪

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।